



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

ওয়েব: www.rjcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EINN : 126489
ফোন: ০৭২১৭৭২৩৮৮, ফ্যাক্স : ০৭২১৮১২৬৩২

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৪৩.২১৩, ২৭ মার্চ ২০২৪ মোতাবেক অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে “শেখ রাসেল পদক-২০২৪” প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৫ মে ২০২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য বলা হলো।

নিম্নবর্ণিত তফসিল ও ক্ষেত্রসমূহ :


পর্যায়	সময়সীমা
আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ	২৮ মার্চ
আবেদন দাখিল	০১ এপ্রিল - ১৫ মে
যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ	১৬ মে - ৩০ জুন
মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ	০১ জুলাই - ৩১ আগস্ট
কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ	০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর
ঘোষণা	১৮ অক্টোবর

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. ‘www.sheikhrussel.gov.bd’ ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আৱশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২১, ২০২২ ও ২০২৩ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক ‘শেখ রাসেল পদক ২০২৪’ প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে ‘শেখ রাসেল পদক নীতিমালা ২০২২’ অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

১. শিক্ষা : শিক্ষা সম্পর্কিত কোন ব্যক্তির উল্লেখযোগ্য সহায়তা/অবদান/সফলতা
২. বিজ্ঞান ও প্রযুক্তি: বিজ্ঞান/প্রযুক্তি নিয়ে কোন ব্যক্তির আগ্রহ, প্রচেষ্টা, অধ্যবসায় ইত্যাদি
৩. ক্রীড়া : বাংলাদেশের কোনো ঐতিহ্যবাহী খেলা নৌকা বাইচ, কাবাডি, বল্লম নিক্ষেপ ইত্যাদির সাথে সংশ্লিষ্টতা
৪. প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর শিক্ষা প্রতিষ্ঠান অথবা পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে সাংস্কৃতিক কর্মকাণ্ড, ক্রীড়া ইত্যাদির সাথে সংশ্লিষ্টতা
৫. শিল্পকলা ও সংস্কৃতি সৃজনশীল প্রবন্ধ রচনা/কবিতা রচনা/মঞ্চ উপস্থাপন/সাংস্কৃতিক কর্মকাণ্ড/নৃত্যকলা/শিল্পকলা ও অন্যান্য কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্টতা
৬. ক্ষুদে প্রোগ্রামার বিভিন্ন প্রোগ্রামিং প্ল্যাটফর্মে সমস্যার সমাধান, অনলাইনে থাকা কোড/প্রজেক্ট রিপোজিটরি, ম্যাথ/অ্যানালাইটিক্যাল স্কিলের দক্ষতা
৭. ক্ষুদে উদ্ভাবক: বাংলাদেশের সমাজ ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণতা কোন বিদ্যমান সমস্যা সমাধানে উদ্ভাবন
৮. ক্ষুদে লেখক : লেখার সৃজনশীলতা এবং জাতীয়/ আন্তর্জাতিক পত্রিকা, বই/ম্যাগাজিনে লিখিত প্রকাশনা

প্রতিস্বাক্ষর


১৩.০৫.২০২৪

অধ্যক্ষ

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী


১৩.০৫.২০২৪

আহ্বায়ক

শেখ রাসেল পদক-২০২৪ কমিটি

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

